

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৩৮৫১

২২/ খাদ্যদ্রব্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৫৩. খাওয়া শেষে যা বলতে হয়

بَابُ مَا يَقُولُ الرَّجُلُ إِذَا طَعِمَ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي سَعِيدُ بْنُ أَبِي أَيُّوبَ، عَنْ أَبِي عَقِيلٍ الْقُرَشِيِّ، عَنْ أَبِي عَبْدِ الرَّحْمَنِ الْحُبُلِيِّ، عَنْ أَبِي أَيُّوبَ الْأَنْصَارِيِّ، قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَكَلَ أَقْ شَرِبَ قَالَ: الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَطْعَمَ، وَسَقَى وَسَوَّغَهُ وَجَعَلَ لَهُ مَخْرَجًا

صحيح

বাংলা

৩৮৫১। আবূ আইয়ূব আল-আনসারী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খাওয়া বা পান করার পর বলতেনঃ "সমস্ত প্রশংসা সেই আল্লাহর জন্য যিনি খাওয়ালেন, পান করালেন, পেটে প্রবেশ করা সহজ করে দিলেন এবং এগুলো বের হওয়ারও ব্যবস্থা রাখলেন।"[1]

সহীহ।

English

Narrated AbuAyyub al-Ansari:

When the Messenger of Allah (ﷺ) ate or drank, he said: "Praise be to Allah Who has given food and drink and made it easy to swallow, and provided an exit for it.

ফুটনোট



[1]. নাসায়ীর আমলুল ইয়াওমি লায়রাহ।

হাদিসের শিক্ষা

- * এই হাদীস হতে শিক্ষণীয় বিষয়:
- ১। জীবনযাত্রার সমস্ত ভালো ও পবিত্র রুজি বা জীবিকা সর্বশক্তিমান আল্লাহর প্রদত্ত নেয়ামত; তাই মুসলিম ব্যক্তির উচিত যে, সে যেন মহান আল্লাহর প্রশংসা করে এই সমস্ত নেয়ামত প্রাপ্ত হওয়ার কারণে।
- ২। সর্বশক্তিমান আল্লাহর প্রদত্ত নেয়ামতের স্বীকৃতি দেওয়া এবং তাতে গভীরভাবে গবেষণা করে তার তত্ত্বজ্ঞান লাভ করা মহান আল্লাহর একটি বড় উপাসনা বা ইবাদত।
- ৩। মুসলিম ব্যক্তির উচিত যে, সে যেন তার সৃষ্টিকর্তা এবং রুজিদাতা মহান আল্লাহর সঠিক জ্ঞানলাভ করে, তাঁর প্রশংসা ও কৃতজ্ঞতা প্রকাশ করে এবং তাঁকে না ভুলে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন